# বিএআরআই সাফল্য ২০১৭-১৮

| ক্রমিক নং | ফসলের নাম | জাতের নাম | ফলন (টন/হেক্টর) | প্রধান বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|
| 1. | দারুচিনি | বারি দারুচিনি-১ | ২৮৫ কেজি/হেক্টর | জাতটি উচ্চ ফলনশীল ও জিংক সমৃদ্ধ খরা ও লবনাক্ত সহনশীল, বাকল সুঘ্রান যুক্ত, আকর্ষনীয় বাদামী রংয়ের এবং অতিমাত্রায় উদ্বায়ী তৈল রয়েছে, বাকলের গড় পুরুত্ব ৩.৪ মিলি মিটার, বছরে শুকনা বাকলের গাছ প্রতি ফলন ৭১৪ গ্রাম, সমগ্র বাংলাদেশে চাষাবাদের উপযোগী |
| 2. | গম | বারি গম-৩৩ | ৩.৯৫ | জাতটি উচ্চ ফলনশীল, তাপ সহনশীল, দানা সাদা চকচেক ও আকারে মাঝারী, জীবন কাল ১১০-১১৫ দিন, শীষ লম্বা, প্রতি শীষে দানার সংখ্যা ৪২-৪৭, হাজার দানার ওজন ৪৫-৫২ গ্রাম, ব্লাস্ট রোগ প্রতিরোধী, পাতায় দাগ রোগ সহনশীল, মরিচা রোগ প্রতিরোধী। |
| 3. | আলু | বারি আলু-৭৮ | ৪৪.৭১ | এ আগাম জাতটি উচ্চ ফলনশীল, দ্রুত বর্ধনশীল, মধ্য উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪-৬টি কান্ড থাকে, ৮৫-৯০ দিনে আলু পরিপক্ক হয়, আলু লম্বাটে গোলাকার, আলুর রং লাল, চামড়া লাল ও শাস হালকা হলুদ। |
| 4. | আলু | বারি আলু-৭৯ | ৪০.৬৪ | এ আগাম জাতটি উচ্চ ফলনশীল, দ্রুত বর্ধনশীল, খাবার আলু হিসেবে নির্বাচিত, গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং গড়ে ৪-৬টি সবুজ কান্ড থাকে, এন্থোসায়ানিন এর বিস্তৃতি আছে, ৮৫-৯০ দিনে আলু পরিপক্ক হয়, আলু লম্বাটে মধ্যম বড় আকারের, আলুর রং লাল, চামড়া হালকা ও মসৃন ও শাস হালকা হলুদ। |
| 5. | সীম | বারি সীম-৯ | সীম ১৫-১৬<br>বীজ ৭-৯ | বড় ও পুষ্ট বীজ। কঁচি শুঁটি সবজি হিসেবে খাওয়া যায়। সীমের শুঁটি চ্যাপ্টা ও হালকা সবুজ বর্ণের। ১০০ বীজের ওজন ১৩০ গ্রামেরও বেশী (প্রচলিত সীমের ৫০-৭৫ গ্রাম)। |
| 6. | সীম | বারি সীম-১০ | সীম ১২.৫-১৫.৫<br>বীজ ৫.৫-৮.৫ | বড় ও পুষ্ট বীজ। কঁচি শুঁটি সবজি হিসেবে খাওয়া যায়। সীমের শুঁটি লম্বা সুচালু ও গাঢ় সবুজ বর্ণের। ১০০ বীজের ওজন ১২৯ গ্রামেরও বেশী (প্রচলিত সীমের ৫০-৭৫ গ্রাম)। |
| 7. | মিষ্টি আলু | বারি মিষ্টি আলু-১৪ | ৩০-৪০ | পাতা খাঁজ কাটা, কচি ও বয়স্ক পাতার বর্ণ সবুজ। গাছ প্রতি কন্দের সংখ্যা গড়ে ৮টি। কন্দের ওজন ৬৬০ গ্রাম ও আকার লম্বাটে। প্রতি ১০০ গ্রাম শাঁসে বিটা ক্যারোটিনের পরিমান ৪.৯২ মি.গ্রা. এবং প্রায় দুই মাস সংরক্ষণ করা যায়। বপন হতে কর্তন পর্যন্ত ১২০-১৩০ দিন লাগে। |
| 8. | মিষ্টি আলু | বারি মিষ্টি আলু-১৫ | ৩০-৪০ | পাতা খাঁজ কাটা নয়, কচি ও বয়স্ক পাতার বর্ণ সবুজ। গাছ প্রতি কন্দের সংখ্যা গড়ে ৮টি। কন্দের ওজন ৬৮৩ গ্রাম ও আকার লম্বাটে ও অনিয়মিত। প্রতি ১০০ গ্রাম শাঁসে বিটা ক্যারোটিনের পরিমান ৪.৪১ মি.গ্রা. এবং দুইমাস সংরক্ষণ করা যায়। বপন হতে কর্তন পর্যন্ত ১২০-১৩০ দিন লাগে। |
| 9. | পান | বারি পান-৩ | ২৩ | সারা বছর চাষ উপযোগী। লাগানো ৬-৮ মাসের মধ্যে পান সংগ্রহ করা যায়। প্রতি মিটার লতায় ১৯-২২টি পান পাওয়া যায়। প্রতি পাতার গড় আয়তন ১৯৯-২১৫ বর্গ সে.মি.। ফলন ৪১ লাখ পাতা বা ২৩ টন/ হেক্টর/ বছর। |
| 10. | তেজপাতা | বারি তেজপাতা-১ | ৩৪ কেজি/গাছ | সারা বছর চাষ উপযোগী। লাগানো ১৬-১৮ মাসের মধ্যে তেজপাতা সংগ্রহ করা যায়। পাতার দৈর্ঘ্য ১৫ সে.মি. প্রস্থ ৪ সে.মি.। পাতায় শুস্ক পদার্থের পরিমান গড়ে ৫৯-৬২%। গাছপ্রতি ফলন ৩৪ কেজি/বছর। |
| 11. | মাল্টা | বারি মাল্টা-২ | ১৪.৭০ | জাতটি উচ্চ ফলনশীল, নিয়মিত ফলদানকারী। ফল বড় ও উপবৃত্তাকার। ফলের গড় ওজন ১৭৯ গ্রাম। দেখতে উজ্জ্বল সবুজ বর্ণের। টিএসএস ৭.৫%। ফল ১৩০ টি/গাছ/বছর। |
| 12. | লেবু | বারি লেবু-৪ | ১০৪ | জাতটি উচ্চ ফলনশীল,  সারা বছর ফলদানকারী।  ফল গোলাকার ও মাঝারী (গড় ওজন ৮২ গ্রাম)। টিএসএস ৫.৪%। ফল একক ও গুচ্ছাকারে ধরে। ফল ১১৭৫ টি/গাছ/ বছর। |

| ক্রমিক নং | ফসলের নাম | জাতের নাম | ফলন (টন/হেক্টর) | প্রধান বৈশিষ্ট্য |
|---|---|---|---|---|
| 13. | কাগজী লেবু | বারি কাগজী লেবু-১ | ৭১ | জাতটি উচ্চ ফলনশীল, নিয়মিত ফলদানকারী। ফল বড় ও উপবৃত্তাকার। ফলের গড় ওজন ৮২ গ্রাম। দেখতে উজ্জ্বল সবুজ বর্ণের। টিএসএস ৭.৩৫%। ফলন ৬৪ কেজি/গাছ/বছর। |
| 14. | ভূট্টা | বারি হাইব্রিড ভুট্টা-১৬ | ৭ | জাতটি উচ্চ ফলনশীল, আগাম ও অনেকটা খাটো প্রকৃতির, দুর্যোগপূর্ন ঝড়ো আবহাওয়াতে সহজে হেলে ও ভেঙ্গে পড়ে না। মোচায় দানার সংখ্যা বেশী এবং দানাগুলো পুষ্ট ও বড় আকৃতির। মোচা পরিপক্ক অবস্থায়ও গাছ ও পাতাসমূহ সবুজ থাকে। লবণাক্ততা সহনশীল (৮-৯ ডি.এস./মি.)। হেক্টর প্রতি গড় ফলন ১১.৫৭ টন। |
| 15. | বার্লি | বারি বার্লি-৮ | ২০৫ | জাতটি খাটো ও দানা ৬ সারি বিশিষ্ট এবং প্রতি শীষে গড়ে ৫৯টি করে দানা আছে। দানা খোসামুক্ত ও খড় বর্ণের হয়ে থাকে। জাতটি ৯৬ দিনে পরিপক্ক হয় এবং ১০০০ দানার ওজন ৩৪-৩৮ গ্রাম। লবণাক্ত এলাকায় চাষ উপযোগী। কম খরচে ও কম উর্বর জমিতে চাষ উপযোগী। উচ্চ ফলনশীল (২.২০-২.৫১ টন/হে.)। |
| 16. | একাঙ্গি | বারি একাঙ্গি-১ | ১৫ | উচ্চ ফলনশীল জাতটি এপ্রিল-মে মাস পর্যন্ত চাষের উপযোগী। প্রতি রাইরোজমে ফিঙ্গারের সংখ্যা ৬ থেকে ৮টি। রোগ ও পোকামাকড়ের প্রাদুর্ভাব কম। ফলন ১২-১৫ টন/ হেক্টর। |
| 17. | চিভস্ | বারি চিভস্-১ | ১২ | জাতটি উচ্চ ফলনশীল। সারা বছর চাষ উপযোগী এবং একবার লাগালে আর নতুন করে লাগাতে হয় না। ইহা বীজ ও বাল্বের মাধ্যমে বংশ বিসত্মার করা হয়। জাতটি রোগ ও পোকা সহনশীল। গাছ ও পাতাসহ ফলন ১০-১২ টন/ হেক্টর। |
| 18. | ওলকচু | বারি ওলকচু-১ | ৪৫-৫৫ | কান্ড অপেক্ষাকৃত কম খসখসে, পত্র ফলক ঘনভাবে বিন্যস্ত, গুড়িকন্দ বড় ও বেলুনাকার এবং অল্প সংখ্যক মোটা আকারের গুড়িকন্দিকা উৎপন্ন করে। গুড়িকন্দের গড় ওজন ২-৫ কেজি, মাংসল অংশ ক্রীম রংয়ের এবং ভিটামিন 'এ' সমৃদ্ধ। রোগবালাই ও পোঁকামাকড়ের প্রার্দুভাব কম। ফলন ৪৫-৫৫ টন/ হেক্টর। |
| 19. | ওলকচু | বারি ওলকচু-২ | ৩৫-৪৫ | কান্ড অপেক্ষাকৃত অধিক খসখসে, পত্র ফলক হালকাভাবে বিন্যস্ত, গুড়িকন্দ মাঝারী, এবং অধিক সংখ্যক গুড়িকন্দিকা উৎপন্ন করে। গুড়িকন্দের গড় ওজন ১-৩ কেজি, মাংসল অংশ গাঢ় হলুদ রংয়ের। রোগবালাই ও পোঁকামাকড়ের প্রার্দুভাব কম। ফলন ৩৫-৪৫ টন/ হেক্টর। |
| 20. | সরিষা | বারি সরিষা-১৮ | ১.৮৮-২.৫৫ | সরিষার বীজের তেলে ইউরুসিক এসিডের পরিমান অনেক কম, অত্যাবশ্যকীয় ফ্যাটিএসিড এর পরিমান বেশী। খৈলে গ্লোকোসিনুলেটের পরিমান ও ক্ষতিকর মাত্রার চেয়ে অনেক কম। গাছে সুটি ও বীজের সংখ্যা বেশী। বীজ বড় আকৃতির ও কালচে বর্ণের এবং তেলের পরিমান ৪১%। রোগবালাই ও পোকামাকড়ের আক্রমন কম। ফলন ১.৮৮-২.৫৫ টন/হেক্টর |
| 21. | খেসারী | বারি খেসারী-৫ | ১.৪৭-১.৭০ | গাছ লম্বা আকৃতির (৭০-৮০) এবং অধিক বায়োমাস বিশিষ্ট। এর ফুল বড় এবং গাঁঢ় নীল, বীজ মসৃণ ও ধূসর বর্ণের এবং এ জাতটি গোড়া পচা এবং ডাউনি মিলডিউ রোগ সহনশীল। গাছে ফলের সংখ্যা বেশী (৩০-৪৯টি) ও তুলনামূলক বড় আকৃতির বীজ (১০০ বীজের ওজন ৫.৩-৫.৮ গ্রাম)। জীবনকাল ১২১-১২৫ দিন। গড় বীজের ফলন- ১.৪৭-১.৭০ টন/হেঃ। তবে অনুকুল আবহাওয়া ও যথাযথ যত্ন নিলে ফলন হেক্টর প্রতি ২ টনের অধিক হতে পারে। ওডিএপি এর পরিমান খুর কম (০,০৪%)। |
| 22. | মসুর | বারি মসুর-৯ | ১.১৯-১.৫২ | পাতা ও কান্ড হালকা সবুজ রংয়ের, ফুল নীলাভ সাদা, বীজ হালকা ধুসর বর্ণের এবং জীবনকাল ৮৫-৯০ দিন। এ জাতটি পাতা ঝলসানো রোগ সহনশীল, ১০০ বীজের ওজন ২.২২-২.৯৬ গ্রাম এবং গড় ফলন- ১.১৯-১.৫২ টন/হেঃ। জাতটি আমন ও বোরো ধানের মধ্যবর্তী সময়ে সহজেই চাষোপযোগী। |